



COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Programme 1st Semester Examinations, 2018

BENGALI

BANGLA SAHITYER O BHASAR ITIHAS

DSC (DSCBNGG1)

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

পাঠ্যসূত্র সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে। পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

১। নিম্নলিখিত যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাওঃ

১×১০ = ১০

- (ক) 'আলালের ঘরের দুলাল' কার লেখা ?
- (খ) 'লিপিমলা' গ্রন্থের লেখকের নাম লেখো।
- (গ) বাংলা গদ্যের জনক হিসেবে কাকে বলা হয় ?
- (ঘ) 'ছতোম প্যাঁচা' ছদ্মনামটি কার ?
- (ঙ) 'মেবার পতন' নাটকের নাট্যকারের নাম লেখো।
- (চ) কবি জীবনানন্দ দাসের দুটি কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো।
- (ছ) তারশঙ্করের দু'টি উপন্যাসের নাম লেখো।
- (জ) নজরুলের দু'টি কাব্যগ্রন্থের নাম লেখো।
- (ঝ) 'নবান্ন' নাটকটি কার লেখা ?
- (ঞ) বাংলা সাহিত্যে আধুনিক যুগের উদ্ভবকাল কতো ?
- (ট) রামনারায়ণ তর্করত্নের লেখা একটি উল্লেখযোগ্য নাটকের নাম লেখো।
- (ঠ) 'সাধু > সাউধ' – এটি কি ধরনের ধ্বনি পরিবর্তন ?
- (ড) একটি উদাহরণ দাও – অভিশ্রুতি থেকে।
- (ঢ) বাংলা ভাষায় ব্যবহৃত হয় এমন একটি আগন্তুক শব্দের উদাহরণ দাও।
- (ণ) বর্ণ বিশ্লেষণ করো – 'কুঁড়ি'।
- (ত) দুটি নাসিক্যধ্বনির উল্লেখ করো।

- ২। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫
- (ক) টীকা লেখো – (যে-কোনো একটি)
রাজসিংহ, নীলদর্পণ
- (খ) সংজ্ঞা দাও – (যে-কোনো একটি)
অভিশ্রুতি, উপভাষা
- (গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত শিশুশিক্ষা বিষয়ক গ্রন্থগুলি সম্পর্কে যা জানো লেখো।
- ৩। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০
- (ক) বাংলা গীতিকবিতায় বিহারীলাল চক্রবর্তীর অবদান সংক্ষেপে আলোচনা করো।
- (খ) নাট্যকার দীনবন্ধু মিত্রের প্রহসন রচনার কৃতিত্ব নিরূপণ করো।
- (গ) শব্দার্থ পরিবর্তনের কারণগুলি লেখো।
- ৪। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫
- (ক) বাংলা গদ্য ভাষার বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান আলোচনা করো।
- (খ) নাট্যকার মধুসূদন দত্তের কৃতিত্ব বিচার করো।
- (গ) বাংলা শব্দভাণ্ডার সম্পর্কে একটি নিবন্ধ রচনা করো।